♦♦ উত্তরাধুনিক ছড়া ♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦♦

বাচ্চালোগ তালিয়া বাজাও....

আসেন কাকা এইবার একটা শান্তি চুক্তি করি

লুৎফর রহমান রিটন

কাকা আসেন এইবার একটা শান্তি চুক্তি করি।
কি কইলেন? শান্তি নাই? সো হোয়াট! শান্তি পদক তো আছে!
শান্তি কি পোলার হাতের মোয়া? না শান্তি ধরে গাছে?
সার্টিফিকেট থাকলেই হবে।
মনে নাই? মামু আমার বাঘ শিকারে গেছিলো না?
কিন্তু ভুল কইরা বন্দুক ন্যায় নাই,
অসুবিধা কি? সার্টিফিকেট দেইখ্যাই বাঘ হালায় লৌড় দিয়া পলান দিছিলো না!
আসেন, সেই গল্প আরেকবার স্মরণে আনি।
শান্তি হালায় আইবোই আইবো, আমি জানি।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

আসেন কাকা এইবার ইমুন একটা শান্তি চুক্তি করি য্যান
সকলে আরাম পাই। ট্যাকা নাই? নো প্রবলেম, ন্যান ঋণ ন্যান।
ঋণ আপনের অধিকার, মনে রাখবেন।
আসল ফিরৎ দেওয়ার দরকার নাই খালি সুদটা দিয়েন।
পোলার লগে কথা কইবেন?
এই ন্যান সেলুলার ফোন।
যেইডা খুশি ডাউনলোড করেন,বাংলা হিন্দি আরবীতে আছে কতো রিং টোন!
মাইনসে বদনামী গায় আর বিটলামি করে? হালারা জেলাস,আরে থোন থোন
জিন্দেগিতেও অরা কেউ আপনেরে দিবো না একট্যাকা লোন।

আসেন কাকা ফতুয়া আর ফতোয়ারে একাকার কইরা ফালাই মুফতি হালাগো ডরে—
গণিমতের মাল মাইয়ামাইনসেরে ধর্ষণ জায়েজ যদি সেটা মুছলমান ব্রাদাররা করে।
আমার কথায় বিশ্বাস স্থাপন করেন যদি এই ন্যান ''স্বাধীনতা পদক'' আপনের লিগা

একট্যাকা হাদিয়ার বিনিময়ে সাইদাবাদে নিষ্কন্টক জমি দশ-বারো বিঘা
লগে শর্ষিণার পীরের দোয়া এক প্যাকেট, সেইটাও ফ্রি।
ধর্ষণে ধর্ষণে আসেন পরিশুদ্ধ হই।
কি কইলেন? আজাইরা প্যাঁচাল আর খামাখা হইচই?
সুশীল সমাজের সামনে এমুন কথা মুখে আনতে নাই?
তাতে সোম্মান যায়, পরিবেশ বিনষ্ট হয়? আসে মহামারী?
তার থিকা ফগার মেসিন দিয়া আসেন ডেঙ্গু মশা মারি।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

"কোথাকার কোন ছৈয়দ নজরুল" তাজউদ্দীনরা ইন্ডিয়ার তালে
প্রবাসী সরকার বানাইছিলো একাত্তর সালে—হেই কোন কালে
এ্যাতো কিছু মনে থাকে ? তারচে আসেন কাকা এইবার একটা শান্তি চুক্তি করি তবে,
অতীত-ফতিত নিয়া ঘাঁটাঘাঁটি করলেই সোজা "ক্রসফায়ার" হবে।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

অবআমলা-অবআর্মির মতোন আসেন গাছেরটাও খাই আবার তলারটাও কুড়াই।
রিটায়ার কইরাই চলেন যোগদান করি রাজনৈতিক দলে,
কূটকৌশলে আর ছলে আর বলে
নমিনেশন একবার যদি পায়া যাই
তবে তো হালায় খেইল খতম পয়সা হজম, কুনু চিন্তা নাই।
বছর পাঁচেক পরে যদি দিগদারি পেরেশানি করে, তয়
অইন্য পার্টির আদর্শে অনুপ্রাণিত হয়া আসেন দল বদল করি।
"শাবাশ বাংলাদেশ" কয়া একবার যাগো মারছি তাগো ফের বুকে জড়াইয়া ধরি।
কুনু অসুবিধা নাই তারা দলে নিবো
সোম্মানের সহিত তারা চেয়ার আওগাইয়া দিবো।

কি কইলেন? দলের ভিত্রে গণতন্ত্র নাই?
আরে কাকা হ্যারলিগাইতো অরা খালি গণতন্ত্র গণতন্ত্র কইরা চিক্কুর পাড়ে,
ঘরে পর্যাপ্ত খানাখাইদ্য থাকলে কি কেউ ভাত দে ভাত দে কয়া ছোলোগান মারে?
কাকা আসেন পরিবারতন্ত্রের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করি, বাপ আর পোলার সমন্বয়ে খুলি বিকল্প দোকান
হাইকোর্টের সামনে বইসা ফটুসেশনের লিগা আসেন তিলাওয়াত করি পবিত্র কোরান।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

কাজকাম না থাকলে আসেন কাকা একটা গোলটেবিল বৈঠক করি।
কিছু বুদ্ধিজীবী কিছু বিবৃতিজীবী আর পরফেছার রাজনীতিবিদ
দ্যাশের চিন্তায় যাগো আরাম হারাম আর খোয়া গেছে নিদ
কলামিস্ট সাম্বাদিক আর কিছু অবআমলা অবআর্মি মিয়া আর বিবিতে
হাইস্যকর প্যাঁচাল পাড়ি ছিরিয়াস ভঙ্গিতে, আসেন টক শো করি টিভিতে।
দ্যাশে চ্যানেলের অভাব আছে নিকি?

ইস্পন্সর পাওয়া গেলে টক শো হররোজ-হামেশা প্রচার হইবো ঠিকই।
চলেন একটা মোবাইল ফোন কোম্পানিরে ধরি।
প্রভার্টিকে আসেন প্রপার্টিতে রূপান্তরিত করি।
নিরপেক্ষতার লেবেল গলায় ঝুলাইয়া হয়া যাই শান্তির পৃষ্ঠপোষক,
পঁচিশে মার্চের গণহত্যাকে আসেন আমরা ‘‘পিটুনি অভিযান’’ বলি
একাত্তরকে বলি ‘‘গন্ডগোলের বছর’’ আর পাঠককে বলি ‘‘ঘোষক’’ ।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

রাজাকার-আলবদর আর ঘাতক দালাল-টালাল বলা নিষিদ্ধ বারণ
দ্যাশের উন্নয়নের রোডম্যাপে এইসব বিভক্তিই অন্তরায়, বলা যায়
পিছাইয়া থাকনের এইটাই প্রধান কারণ।
ইন্ডিয়ার মালাউনগো ওল্ড রাম খায়া আর কানকথা হুইনা
যারা আমার পেয়ারা পাকিস্তানী মুছলমান ব্রাদারগো আলাদা করছে আমার থিকা তাগো নিস্তার নাই।
আসেন কাকা দ্যাশটারে আরেকবার পাকিস্তান বানাই—
স্বৈরাচার-রাজাকার একাকার হয়া ফের সাতচল্লিশে ফিরা যাই।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

কাকা আসেন এইবার একটা শান্তি চুক্তি করি।
লাইফটা বোরিং হয়া গেছে ? ঘরে ফিরা আরাম পান না? কুনু জেল্লা নাই?
তয়—সরকারী জমি দখল কইরা আসেন একটা বাগানবাড়ি বানাই।
এমুন বাগানবাড়ি যেইখানে দুনিয়ার সব ফেছিলিটি
আপনে এম্পিসাব, আপনে মন্ত্রিসাব, এপিএস, ব্যবসায়ী, উপদেষ্টা, মহা ছেলিব্রিটি,
এমুন বাগানবাড়ি যার কাছে রূপকথা ফেল
বাগানবাড়ির গেটে হেলিপ্যাড-বন্দর-এয়ারপোর্ট-পাজেরো বা রেল
সবকিছুর আসা যাওয়া উঠা নামার বন্দোবস্ত চাই?
কুনু চিন্তা নাই
সব হবে যদি নাকি ঠিক থাকে ক্ষমতার লাইন
আপনের লোম্বাও ছিঁড়তে পারবো না কুনু আদালত-আইন।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

কাকা আসেন প্রয়োজনে চুরি করি সরকারী ত্রাণ আর রিলিফের টিন
সুন্দরবন থিকা নিয়া আসি মায়া আর চিত্রা হরিণ
ময়ূরও রাখতে চান? নাই অসুবিধা। তবে—
অন্ধ্রপ্রদেশ থিকা ময়ূরের আমদানী বহুতই ঝামেলা সেটা মনে রাখতে হবে।
চিন্তার কারণ নাই এইদেশে সবই পাওয়া যায়
ব্যাবাক মজুত আছে মিরপুর চিড়িয়াখানায়।
ট্যাকারকুমির যদি হন তয় একখান কুমিরওতো লাগে
চলেন বুকিং দেই ক্রোক্রোডাইল সব্তের আগে।
তয় কাকা সাবধান হালার সাম্বাদিকে যদি পায় টের—

কিছুটা গ্যাঞ্জাম হবে, মুভি আর ইস্টিল ক্যামেরার ফাঁদ পাতে, দিয়া রাখে ঘের।
কুনু প্রাইভেছি নাই এমুন আজিব দ্যাশ যখন তখন জ্বলে ক্যামেরার ফ্লাস
দৈনিক পত্রিকা টিভির চ্যানেলগুলা সোম্মানী মানুষের সব করে ফাঁস!
খোদার কসম কাকা এমুন দ্যাশের কুনু ভবিষ্যৎ নাই
নাদান জনতা আজ হের লিগা ক্ষমতায় আপনেরে চাই।
ঋণগ্রস্ত এই জাতি খোয়াব দেখবো খালি— দারিদ্র্য জাদুঘরে যাবে একদিন
এই জাতি কুনুদিন শোধ দিতে পারবো না আপনের ঋণ......
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

দ্যাশের এক ঘোরতর সংকটে কাকা আসেন দুইজনে সংলাপে বসি
দর্জা-জানালা সব বন্ধ কইরা থুই আসেন পিরীত করি দুইজনে মিলা
আগামীতে আমরাই দুইজনে দ্যাশটারে খামু মিলাঝিলা
বাইরে অপেক্ষমান উৎসাহী পোলাপান উজবুক জনগণ তাতাথৈথৈ
ভিত্রে কি কথা হলো মিডিয়া জিগায় যদি দুইজন একইসাথে একই কথা কই—
অত্যন্ত আন্তরিক আর সৌহার্দপূর্ণ পরিবেশে ফলপ্রসু আলোচনা— ক্যামেরায় বলি
হ্যারপর ক্যামেরায় পোজ দেই হিটলারী হাসি দিয়া করি গলাগলি।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

বিশ্বব্যাংকের প্রেছক্রিপশনটারে ছহি হাদিছের লাহান মুখস্ত কইরা আসেন উন্নয়ন কর্মছুচি প্রণয়ন করি
রুগী মইরা যাউক মাগার অপারেশন ছাকছেসফুল হওন চাই।
দাতা দ্যাশের খবর্দারির যাঁতাকলে যদি কাকা চ্যাপ্টা হয়া যাই,অসুবিধা নাই—
কুটনৈতিক ছিষ্টাচার ভুইল্লা চলেন ভিনদেশী এ্যাম্বাছিডর আর হাইকমিশনারগো পায়ে গিয়া পড়ি
কোলাকুলি মুছাফার তুফান ছুটাইয়া দিয়া ফাটাফাট কদমবুছি করি।
একটু মেহেরবানী যদি অরা করে তয় আপনে তো ধনী
পানির দরে আসেন বেইচা দেই ত্যাল-গ্যাস-কয়লার যাবতীয় খনি—
শেভরন এশিয়া এনার্জি আর নাইকোর কাছে,
পাবলিকেরে চাপা মারি—ফুরাইবো না ফুরাইবো না চিন্তার কারণ নাই মাটির ভিত্রে বহুত ইস্টক আছে!
বিদেশি কোম্পানিগুলা পার পায়া যাবে দেশি আইনজীবী দিয়া
চুতিয়া পাবলিক সন্দেহ করবো না নামিদামি বেরিস্টারগো দ্যাশপ্রেম নিয়া।
তয় কাকা কিছু কিছু গরিবঅথচসৎসাম্বাদিক আর কিছু পত্রিকা খোঁচাখুঁচি করবার পারে
আপনে মহান কাকা ইজাজত দ্যান যদি খামুস কইরা দিমু হুমুন্দির পুতগুলারে।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

আসেন কাকা এইবার নয়া চিন্তা করি
সবথিকা ডেঞ্জারাস বিশ্ববিদ্যালয় আর কলেজের পোলাপান ছাত্রগো ধরি।
ইস্টুডেন পলিটিক্স খামুস কইরা দেই, জীবনের প্রতি যদি থাকে মায়া ডর
পলিটিক্স বাদ দিয়া হারামজাদারা তরা ল্যাহাপড়া কর!

পোলাপানগো ল্যাহাপড়া না করায়া শিক্ষক-ছারেরাও মাসে মাসে বেতনটা ন্যায়
কতিপয় লালনীলগোলাপীসবুজহলুদকালাশাদারংবাজশিক্ষক সারা বচ্ছর পলিটিক্স করে আর বিবৃতি দ্যায়,
ন্যাতা আর নেত্রীর সামনে খাড়ায়া খালি হাত কচলায়
নিজেগোর সোম্মান মর্যাদা নিজেরাই ফিকা মারে বুড়িগঙ্গায়
ভার্ছিটি শিক্ষক হয়া যায় আর্দালি, খানসামা হয়া যায়, হয়া যায় দলীয় লেজুড়!
ঈদে পুজা পার্বনে গোপনে খাইতে চায় দুম্বার গোশ্‌তো ও খোর্মা খেজুর!
ইয়েস ইয়েস করে, পাও টিপে মনিবের, ইশারায় উঠে বসে তারপর হয়া যায় উপাচার্য ভিছি
আমি তো মূর্খ কাকা শিক্ষক হুইন্নাই শ্রদ্ধায় গড়াগড়ি খাই মিছামিছি,
রাষ্ট্রের পতি হয়, মানুষের ক্ষতি হয়, মিছিলে মানুষ মরে তবুও টিভিতে ছারে হাসে দিনে রাতে,
আসেন কাকা এইবার ছারেগোও সাইজ করি ছাত্রগো সাথে।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

দ্যাশের ভাবমূর্তি যারা নষ্ট করতে চায়
তারাই খামাখা খালি গিট্‌ঠু পাকায়, ভিনদেশে যায় আর নালিশ জানায়।
বিদ্বান-পন্ডিত-শিক্ষিত্ মানুষের কাজ কাম নাই কিছু, আগাছার মতো অরা প্রতিদিন বাড়ে
উল্টাপুল্টা ল্যাখে আবোল তাবোল কয় খামাখা প্যাঁচাল আর খালি ফাল পাড়ে,
ব্যাবাক কিছুতে অরা হান্দায় বাম হাত, বিবৃতি ঝাড়ে!

ক্ষমতায় যাওনের শটকাট পদ্ধতি চোরাগলি আছে
চেতনা ও আদর্শ বিসর্জন দিলে পরে ক্ষমতার মসনদ আয়া পড়ে কাছে!
ফতোয়াবাজের লগে সমঝোতা চুক্তিও জায়েজ করণ যায় ক্ষমতার লোভে
কিবা আসে যায় কাকা সামান্য প্রতিবাদ হাউকাউ গুটিকয় মানুষের ক্ষোভে?
ফতোয়ার দলিলটা লিখিতও হয় যদি ভয় নাই, এইজাতি অতিক্ষুদ্র স্মৃতিশক্তিধারী
হালারা ভুইল্লা যাবে অচিরেই ঘটনাটা, বাজী ধরতে পারি।
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

নতুন টেকনিকে কাকা পিছন ভুইল্যা আসেন সামনে তাকান
পুরাতন হিস্টোরি বাদ দিয়া নয়া নয়া ইতিহাস ল্যাখান—
অতীতে কে কবে কি করছিলো সেইটা বাদ দ্যান, কতোজনে কতো কিছু করে
পিছকমিটির চ্যারম্যানও হইছিলো কেউ কেউ, আবার জয়বাংলা ছোলোগানও দিছে স্বাধীনতার পরে।
সব কিছু মনে রাখন বোকামি
আপনে তো জানেন কাকা কেমুন শান্তি প্রিয় লোক আমি।
আসেন কাকা এইবার একটা চিরস্থায়ী শান্তি চুক্তি করি তয় ত্রিশ লাখ শহীদ আর পাঁচ লাখ ধর্ষিতা মা বোনের নামে—

" ঘাতকের গাড়ি পতাকা শোভিত? —শান্তি শান্তি।
মুক্তিযোদ্ধা অনাহারে থাকে? —শান্তি শান্তি।
যুদ্ধাপরাধী এমপি মন্ত্রী? —শান্তি শান্তি।
বধ্যভূমিতে উপাসনালয়? —শান্তি শান্তি।

মুজিব হত্যার বিচার হয়না? —শান্তি শান্তি।
বিচারপতির বিব্রতবোধ? —শান্তি শান্তি।
জেলহত্যার আসামী খালাস? —শান্তি শান্তি।
জনকের নাম মুছে ফেলা হয়? —শান্তি শান্তি।
বাংলাদেশটা তালিবান হবে? —শান্তি শান্তি।
য়্যুনিভার্সিটি-মাদ্রাসা এক? —শান্তি শান্তি।
পাঠ্যসূচিতে ভুল ইতিহাস? —শান্তি শান্তি।
সংখ্যালঘুরা ভিটেমাটিহীন? —শান্তি শান্তি।
পূর্ণিমা কাঁদে ধর্ষিতা হয়ে? —শান্তি শান্তি।
সাম্প্রদায়িক ধর্মান্ধতা? —শান্তি শান্তি।
মুক্তবুদ্ধি চাপাতির নিচে? —শান্তি শান্তি।
কাদিয়ানীদের উপর হামলা? —শান্তি শান্তি।
সংবিধানকে ক্ষত-বিক্ষত? —শান্তি শান্তি।
মানবাধিকার ভুলুণ্ঠিত? —শান্তি শান্তি।
রাজপথে নারী বিবস্ত্র হয়? —শান্তি শান্তি।
সন্ত্রাস আর লাশ আর লাশ? —শান্তি শান্তি।
জঙ্গিবাদের মহাউত্থান? —শান্তি শান্তি।
জনসমাবেশে গ্রেনেড হামলা? —শান্তি শান্তি।
একযোগে বোমা সারা দেশজুড়ে? —শান্তি শান্তি।
বিচারপতিকে আদালতে খুন? —শান্তি শান্তি।
ক্ষমতায় বসে শুধু লুটপাট? —শান্তি শান্তি।
মন্ত্রীসভাতে ষাটগম্বুজ? —শান্তি শান্তি।
দেশের অর্থ বিদেশে পাচার? —শান্তি শান্তি।
নিরীহ মানুষ গণগ্রেফতার? —শান্তি শান্তি।
দাবির মিছিলে পুলিশের ট্রাক? —শান্তি শান্তি।
দ্রব্যমূল্য আসমান ছোঁয়া? —শান্তি শান্তি।
বিদ্যুৎহীন ভূতুড়ে স্বদেশ? —শান্তি শান্তি।
ক্ষুধার্ত শিশু পেটে ভাত নাই? —শান্তি শান্তি।
মঙ্গায় মরে কতো অনাহারী? —শান্তি শান্তি।
ফুলবাড়ি আর কানসাটে খুন? —শান্তি শান্তি।
পিতা ও পুত্র দেড়শো টুকরা? —শান্তি শান্তি।
মেয়েদের হলে পুলিশি হামলা? —শান্তি শান্তি।
ক্লিনহার্টের খুন-নিপীড়ন? —শান্তি শান্তি।
গণতন্ত্রের টুঁটি চেপে ধরা? —শান্তি শান্তি।
বুটের তলায় রাষ্ট্রযন্ত্র? —শান্তি শান্তি।
র‍্যাবের গল্প ক্রসফায়ারের? —শান্তি শান্তি।
বিরোধী দলকে নিধনযজ্ঞ? —শান্তি শান্তি।
একাত্তরের চেতনা বিনাশ? —শান্তি শান্তি।
শুধু অবরোধ আর হরতাল? —শান্তি শান্তি।

চারদলজোট কেয়ারটেকার? —শান্তি শান্তি।
ইয়াজুদ্দিন মানবপাপেট? —শান্তি শান্তি।
দ্বি-পদ দখলে বিপদে স্বদেশ? —শান্তি শান্তি।
ভোটার লিস্টে দুই কোটি ভূয়া? —শান্তি শান্তি।
মহাসংকটে নিপতিত জাতি? —শান্তি শান্তি।
জরুরি আইনে জনগণ খুশি? —শান্তি শান্তি।
ফখরুদ্দিন নিরাশার আলো? —শান্তি শান্তি।
রাঘবে-বোয়ালে জেল থই থই? —শান্তি শান্তি।
অপরূপ-কথা জেনারেল মঈন? —শান্তি শান্তি।
নতুন থিওরি মাইনাস টু? —শান্তি শান্তি।
বেনজীর হবে হাসিনা-খালেদা? —শান্তি শান্তি।

ওম শান্তি।
ওম শান্তি।
ওম শান্তি।
...যা দেবী সর্বভূতেষু শান্তিরূপেনী সংস্থিতাহ্ ....
মুক্তিযুদ্ধকে ভুলে গেলিনু মুছে ফেলিনু জাতির পিতাহ্ ” ....

আসেন কাকা এইবার ইমুন একটা শান্তি চুক্তি করি য্যান পিরথিবি টাশ্‌কি খায়া যায়।
একদম ফাস্কেলাস,এ্যাক্সপোর্ট কোয়ালিটি,কাড়াকাড়ি লাগে য্যান তামাম দুনিয়ায়।
চুক্তি স্বাক্ষর হয়া গেলে আসেন কাকা ছেলিব্রেট করি, এই ন্যান চুকা দই খান
এই দই খায়া খায়া বিশ্বকাপে গোল দিছে ফ্রান্সের হেড করা বিখ্যাত জিদান।
আসেন উৎসব করি, ফ্যাশন প্যারেড করি লেফট্ রাইট বাম ডান ক্যাট্ওয়াক ম্যাগা ছিরিয়াল ....

আপনে ঈমানে কন খত্‌মে তারাবি হবে কবে কাকা বাঙালি ও বাংলার কৃষ্ণপক্ষ গ্রহণের কাল?
বাচ্চালোগ তালিয়া বাজাও.......।

অটোয়া,কানাডা॥ ডিসেম্বর ২০০৬ – এপ্রিল ২০০৭

riton100@gmail.com